

বাংলাদেশসহ সার্কভুক্ত দেশে 'সাইবার ক্রাইম সেল' গঠন

বাংলাদেশসহ সার্কভুক্ত দেশসমূহে অনলাইনে সাইবার ক্রাইম প্রতিরোধে একটি 'সাইবার ক্রাইম সেল' গঠন করা হচ্ছে। ইতিমধ্যে সার্কভুক্ত ভারত, মালদ্বীপ, শ্রীলংকা, ভুটান ও বাংলাদেশের পুলিশ সুপার পদমর্যদার শীর্ষ ১৮ জন কর্মকর্তা এ ব্যাপারে সম্মতি জানিয়েছেন। সর্বশ্রেষ্ঠ সূত্র বঙ্গদেহে, সাইবার ক্রাইমের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে সার্কভুক্ত দেশের পুলিশ কর্মকর্তারা। সার্কভুক্ত সবগুলো দেশের পুলিশ সদস্যদের নিয়ে একটি টিম সাইবার ক্রাইমের বিরুদ্ধে একযোগে কাজ করছে। প্রতিটি দেশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মার্বকণিক যোগাযোগও থাকবে। প্রতিটি দেশে সাইবার ক্রাইমের বিরুদ্ধে একটি করে সেল গঠন করবে। এই সেলগুলো সমন্বিতভাবে কাজ করবে। প্রতিনিয়তই তাদের মধ্যে তথ্য বিনিময় হবে। আন্তর্জাতিক অপরাধ

পরিশ্রেণিত সার্ক শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালায় এই সিদ্ধান্ত হয়েছে। তিন মন্ত্রাধ্যাপী অনুষ্ঠিত এই কর্মশালায় সার্কভুক্ত ভারত, মালদ্বীপ, শ্রীলংকা, ভুটান ও বাংলাদেশের পুলিশ সুপার পদমর্যদার মোট ১৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। সেখানেই সর্বসম্মতভাবে এ সিদ্ধান্ত হয়। বাংলাদেশের পুলিশ স্টাফ কলেজে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়েছে। প্রত্যেকে নিজ দেশে ফিরে গিয়ে এ ব্যাপারে কাজ শুরু করবে। কর্মশালায় সনাপনী অনুষ্ঠানে বৃহস্পতিবার বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক হাসান মাহমুদ খন্দকার বলেন, আন্তর্জাতিক অপরাধ দমনে সার্কভুক্ত দেশের পুলিশ সদস্যদের একসঙ্গে কাজ করতে হবে। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের পক্ষে বক্তব্য রাখেন শ্রীলংকার পুলিশ কর্মকর্তা কমল নিলভা। ওই অনুষ্ঠানে বাংলাদেশ

পুলিশের শীর্ষ পর্যায়ের সব কর্মকর্তা উপস্থিত ছিলেন। হাসান মাহমুদ খন্দকার বলেন, ভৌগোলিক অবস্থানগত কারণে সার্কভুক্ত দেশের সন্যাসবাদ, সাইবার ক্রাইম, মানি লন্ডারিং, মানব ও মানক পাচার ইত্যাদি একই ধরনের অপরাধ বোঝানো করতে হয়। এ ধরনের অপরাধ দমনে সার্কভুক্ত দেশের পুলিশ সদস্যদের পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের ক্ষেত্র সম্প্রসারণ করতে হবে। প্রশিক্ষণের শুরুতে তুলে ধরে আইডিপি বলেন, আঞ্চলিক পর্যায়ে এ ধরনের প্রশিক্ষণ আন্তর্জাতিক অপরাধ দমনে সার্কভুক্ত দেশের পুলিশ বাহিনীর মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং সহযোগিতা বাড়াবে। এছাড়া সার্কভুক্ত দেশে সাইবার ক্রাইম প্রতিরোধে তাদের উদ্যোগ কার্যকর করলে এসব দেশে তথ্য-প্রযুক্তির দ্রুত সম্প্রসারণ ঘটবে। ■ রেখনা রব্বান রেনু